



নিয়োগ বিজ্ঞপ্তি

পিপলস ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি) একটি জাতীয় পর্যায়ের স্বনামধন্য বেসরকারি উন্নয়ন সংস্থা। সংস্থার সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নমূলক সামাজিক ব্যবসায়িক উদ্যোগের আওতায় কিশোরগঞ্জের ভৈরবে অবস্থিত “সলোরা” ফুটওয়্যার-এর প্রোডাকশন বিভাগের জন্য অভিজ্ঞ ও দক্ষ ‘লাইন সুপারভাইজার (লাস্টিং সেকশন)’ পদে জনবল নিয়োগের লক্ষ্যে যোগ্য ও আগ্রহী প্রার্থীদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

পদের বিবরণ:

- **পদের নাম:** লাইন সুপারভাইজার (লাস্টিং সেকশন)
- **প্রতিষ্ঠানের নাম:** “সলোরা” ফুটওয়্যার (পিপি’র একটি সামাজিক ব্যবসায়িক উদ্যোগ)
- **বিভাগ:** প্রোডাকশন
- **কর্মস্থল:** সলোরা ফুটওয়্যার ফ্যাক্টরি, ভৈরব, কিশোরগঞ্জ।

প্রধান দায়িত্বসমূহ:

- দৈনিক উৎপাদন পরিকল্পনা অনুযায়ী Lasting Section-এর সার্বিক কার্যক্রম পরিচালনা করা।
- লাইনের কর্মীদের মধ্যে কাজ বণ্টন করা এবং নিয়মিত কাজের অগ্রগতি পর্যবেক্ষণ করা।
- Upper, Last, Insole ও অন্যান্য কাঁচামাল সঠিকভাবে প্রস্তুত ও যথাযথ ব্যবহার নিশ্চিত করা।
- লাস্টিং-এর সময় জুতার Shape, Fitting, Alignment ও Appearance সঠিক আছে কি না তা নিবিড়ভাবে পরীক্ষা করা।
- উৎপাদনের সময় যেকোনো ধরনের ত্রুটি বা Defect শনাক্ত করে দ্রুত সংশোধনের ব্যবস্থা গ্রহণ করা।
- নির্ধারিত সময়ের মধ্যে দৈনিক উৎপাদনের লক্ষ্যমাত্রা (Production Target) অর্জনে কর্মীদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা।
- Lasting Machine ও অন্যান্য যন্ত্রপাতি সঠিকভাবে পরিচালনা ও রক্ষণাবেক্ষণ নিশ্চিত করা।
- মেশিন বা সরঞ্জামে কোনো যান্ত্রিক ত্রুটি দেখা দিলে সংশ্লিষ্ট মেন্টেনেন্স বিভাগকে অবহিত করা।
- প্রস্তুতকৃত জুতার সর্বোচ্চ গুণগত মান বজায় রাখতে Quality Control (QC) টিমের সাথে সমন্বয় রেখে কাজ করা।
- পরবর্তী সেকশনে (যেমন: Sole Attaching ও Finishing Section) সঠিক মানের পণ্য সরবরাহ নিশ্চিত করা।

প্রয়োজনীয় যোগ্যতা ও দক্ষতা:

- **শিক্ষাগত যোগ্যতা:** ন্যূনতম SSC বা HSC পাস। (তবে দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য)।
- **অভিজ্ঞতা:** ফুটওয়্যার ফ্যাক্টরির Lasting Section-এ **কমপক্ষে ৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা** থাকতে হবে।
- **কারিগরি জ্ঞান:** লাস্টিং মেশিন, টুলস ও বিভিন্ন ধরনের ফুটওয়্যারের লাস্টিং প্রক্রিয়া সম্পর্কে সম্যক ধারণা ও প্রযুক্তিগত জ্ঞান থাকা আবশ্যিক।
- **নেতৃত্ব ও দক্ষতা:** উৎপাদন লাইন নিয়ন্ত্রণ, কর্মীদের সঠিকভাবে পরিচালনা, মাননিয়ন্ত্রণ (Quality Control) ও ডেইলি প্রোডাকশন টার্গেট পূরণে সক্ষম হতে হবে।
- **সমস্যা সমাধান:** যেকোনো উৎপাদন ত্রুটি দ্রুত শনাক্তকরণ ও তাতক্ষণিক সমাধানের সক্ষমতা থাকতে হবে।

বেতন ও সুযোগ-সুবিধা:

- **বেতন:** আলোচনা সাপেক্ষে (যোগ্যতা ও অভিজ্ঞতার ওপর ভিত্তি করে আকর্ষণীয় বেতন নির্ধারণ করা হবে)।
- **অন্যান্য সুবিধা:** সংস্থার নিয়ম অনুযায়ী অন্যান্য সুযোগ-সুবিধাদি প্রদান করা হবে।

আবেদন প্রক্রিয়া:

আগ্রহী ও যোগ্য প্রার্থীদের হালনাগাদ জীবনবৃত্তান্ত (CV), আবেদনপত্র (Cover Letter), সকল একাডেমিক ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি, জাতীয় পরিচয়পত্র এবং সাম্প্রতিক তোলা ২ কপি পাসপোর্ট সাইজের ছবিসহ আগামী ১০ অক্টোবর ২০২৬ইং তারিখের মধ্যে আবেদন করতে অনুরোধ করা যাচ্ছে।

ইমেইলের মাধ্যমে

- আবেদন: hr@popibd.org (ইমেইলের Subject-এ "Application for Footwear Designer - Solora Footwear" উল্লেখ করতে হবে)।
- ডাক/কুরিয়ার বা সরাসরি আবেদনের ঠিকানা:

মানবসম্পদ বিভাগ

পিপলস ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি)

হাউজ # ৫/১১-এ, ব্লক # ই, লালমাটিয়া, ঢাকা-১২০৭।

ওয়েবসাইট: www.popibd.org

(বি: দ্র: শুধুমাত্র বাছাইকৃত সংক্ষিপ্ত তালিকার প্রার্থীদেরই সাক্ষাৎকারের জন্য যোগাযোগ করা হবে। 'পিপি' এবং 'সলোরা ফুটওয়্যার' কর্মক্ষেত্রে নারী ও পুরুষ প্রার্থীর সমান সুযোগ প্রদানে প্রতিশ্রুতিবদ্ধ।)